**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য বিধানসভার অধিবেশনে ২০২৫-২৬ অর্থ বছরের ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহিত।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে এবারের রাজ্য বাজেট প্রণয়ন করা হয়েছে।**

**(৩) কেন্দ্রীয় মন্ত্রিসভা কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের ও পেনশনভোগীদের জন্য ২০২৫-এর পয়লা জানুয়ারি থেকে ২% মহার্ঘ ভাতা দেওয়ার অনুমোদন দিয়েছে ।**

**(৪) মায়ানমারে রিখটার স্কেলে ৭.৭ এবং ৬.৪ মাত্রার পরপর দুটি ভূমিকম্প আঘাত হানে ।**

**(৫) তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে ।**

****************************************

**Budget passed in Assembly :**

রাজ্য বিধানসভার অধিবেশনে আজ ২০২৫-২৬ অর্থ বছরের ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহিত হয়েছে। এর আগে বাজেটের উপর সাধারন আলোচনা শেষ হয় ও বিরোধীদের আনা সব ছাটাই প্রস্তাব বাতিল হয়। উল্লেখ্য গত ২১শে মার্চ অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ৩২ হাজার ৪২৩ কোটি টাকার বাজেট পেশ করেন। বিরোধীদের আনা ছাটাই প্রস্তাবগুলোর বিরোধিতা করে অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায় বলেন, ছাত্র-

যুব, বেকার ব্যবসায়ী সহ সব অংশের জনগনের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই বাজেট প্রনয়ন করা হয়েছে। এর আগে ছাঁটাই প্রস্তাবের সমর্থনে উপর আলোচনা করতে গিয়ে বিধায়ক সুদীপ রায় বর্মন সমগ্র শিক্ষা অভিযানের শিক্ষকদের নিয়মিতকরনের দাবি জানান। তিনি রাজ্যে নেশা কারবারীদের দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহনের জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানান। বিধায়ক গোপাল চন্দ্র রায়ও ছাঁটাই প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখেন।

*****************************

**Budget Discussion :**

আজ বিধানসভায় ২০২৫-২৬ সালের বাজেটের উপর আলোচনায় অংশ নেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, তফসিল জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস। মুখ্যমন্ত্রী আগামী অর্থবছরের বাজেটকে জনমুখী আখ্যা দিয়ে বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারতের লক্ষ্য পূরণের জন্য এই বাজেট প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন ভারত বর্তমানে বিশ্বে পঞ্চম অর্থনীতির দেশ হিসেবে স্বীকৃত এবং ২০৩০ সালের মধ্যে ভারতকে বিশ্বে তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ গড়তে প্রধানমন্ত্রী অক্লান্ত প্রয়াস চালিয়ে যাচ্ছেন। বাজেটে জনজাতি কল্যানে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা তিনি বিস্তারিত উল্লেখ করেছেন।

##########Byte-CM-1#########

মুখ্যমন্ত্রী আরো বলেন, বাজেটে নারীর ক্ষমতায়ন, শিক্ষা, সামাজিক নিরাপত্তা, পরিকাঠামো উন্নয়ন ক্ষেত্রে গুরুত্বারোপ করা হয়েছে। বাজেটের লক্ষ্য হচ্ছে অর্থনীতিকে মজবুত করা, গড় অভ্যন্তরীণ উৎপাদন ও মাথাপিছু আয় বৃদ্ধি করা। বাজেটে অর্থনীতির শৃঙ্খলার উপরও গুরুত্বারোপ করেছেন। মুখ্যমন্ত্রী বাজেট ভাষণে স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তাও বিস্তারিত উল্লেখ করেন।

##########Byte-CM-2#########

********************************

**Kalyani Roy–Press Meet :**

বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী রায় বলেছেন ট্রেজারী বেঞ্চ বিরোধী সদস্যদের যথাযথ মর্যাদা প্রদান করে। আজ বিধানসভায় এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি বলেন বিরোধী দলনেতা হিসেবে জিতেন্দ্র চৌধুরী বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বঞ্চিত বলে যে অভিযোগ করেছেন তা সত্য নয়। বিরোধী নেতা শ্রী চৌধুরী একজন পূর্ণ মন্ত্রীর সমমর্যাদা হিসাবে সব ধরনের সুযোগ সুবিধা পাচ্ছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**DA hike :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অনুষ্ঠিত বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য ২০২৫-এর পয়লা জানুয়ারি থেকে অতিরিক্ত এক কিস্তি মহার্ঘ ভাতা দেওয়ার অনুমোদন দিয়েছে। ২ শতাংশ হারে এই অতিরিক্ত কিস্তি মূল বেতন ও পেনশনের বর্তমানে চালু ৫৩ শতাংশ মহার্ঘ ভাতার সঙ্গে যুক্ত হবে। দ্রব্যমূল্য বৃদ্ধির

পরিপ্রেক্ষিতে এই অতিরিক্ত মহার্ঘ ভাতা দেওয়া হবে। এই বাড়তি এক কিস্তি মহার্ঘ ভাতার ফলে বার্ষিক ৬,৪১৪ কোটি ০৪ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের অতিরিক্ত ব্যয় হবে। এর ফলে ৪৪ লক্ষ ৬৬ হাজার কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং ৬৬ লক্ষ ৫৫ হাজার পেনশনভোগী উপকৃত হবেন।

**************************

**Earthquake :**

আজ মায়ানমারে রিখটার স্কেলে ৭.৭ এবং ৬.৪ মাত্রার পরপর দুটি ভূমিকম্প আঘাত হানে। মায়ানমারের মান্দালয়ের ঐতিহাসিক আভা সেতু ইরাবতী নদীতে ধসে পড়েছে এবং বিশাল ভূমিকম্পের ফলে বেশ কয়েকটি ভবন ধসে পড়েছে। থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের প্রায় ৯০০ কিলোমিটার দূরে শক্তিশালী ভূমিকম্প অনুভূত হয়েছে।

কলকাতা এবং ইম্ফলেও মৃদু কম্পন অনুভূত হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মায়ানমার এবং থাইল্যান্ডে সংঘটিত ভূমিকম্পের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে, শ্রী মোদী মায়ানমার এবং থাইল্যান্ডের নাগরিকদের নিরাপত্তা এবং মঙ্গল কামনা করেছেন।

মায়ানমার কর্তৃপক্ষ নেপিত ও মান্দালয় সহ ছটি অঞ্চলে জরুরী অবস্থা ঘোষণা করেছে। ভূমিকম্পে সড়ক, পরিকাঠামা ও ভবনের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। নির্মীয়মান ভবন ভেঙ্গে পড়ার ঘটনায় তিনটি মৃতদেহ পাওয়া গেছে। ৯০ জন নিখোঁজ। উদ্ধারকারী দলগুলি তৎপরতা চালিয়ে যাচ্ছে। হতাহতের সংখ্যা বাড়তে পারে বলে আশংকা করা হচ্ছে।

***********************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড

করানো যাবে। জনগনের পরামর্শ আজ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

******************************

**Assembly-Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা জানিয়েছেন ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে করের অংশ এবং স্থানীয় সংস্থা অনুদান হিসেবে এডিসিকে ৫১৮ কোটি ৬১৯ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। যা চলতি অর্থ বছরের বরাদ্দের তুলনায় ২৩ দশমিক ৫ শতাংশ বেশি। আজ বিধানসভায় বিধায়ক পল দাংশু'র একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে তিনি একথা জানান। তিনি আরো জানান, ট্রাইবাল সাব-প্ল্যান খাতে চলতি অর্থবছরে বরাদ্দ ছিল ৫,৮৯৯ কোটি ৮ লক্ষ টাকা। এই খাতে আগামী অর্থবছরের বাজেটে ৭১৪৮ কোটি ৮৫ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। জনজাতি কল্যাণ মন্ত্রী আরো জানান, রাজ্য সরকার জনজাতি কল্যাণ দপ্তরের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে এডিসিকে বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য প্রকল্পের অধীনে ১১৪ কোটি টাকা বরাদ্দ করেছে, যা বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও বোর্ডিং হাউস নির্মান এবং স্টাইপেন্ড প্রদানের ক্ষেত্রে ব্যয় করা হবে। তিনি জানান, বর্তমানে এডিসির প্রশাসনের অধীনে ১ হাজার ৬৩১ জন পেনশনার ও ফ্যামিলি পেনশনার রয়েছেন, তাদের পেনশনের জন্য প্রতি মাসে ৩ কোটি ৮১ লক্ষ টাকা প্রয়োজন।

*****************************

**CPIM :**

সিপিএম রাজ্য কমিটির উদ্যোগে আজ আগরতলার মেলারমাঠে কুমারী মধুতি রুপশ্রীর ৭৭তম প্রয়াণ দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও অন্যান্য নেতৃবৃন্দ।

এ উপলক্ষ্যে বিশ্রামগঞ্জে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি ও গণমুক্তি পরিষদ সিপাহীজলা জেলা কমিটির উদ্যোগে মিছিল ও সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তনমন্ত্রী ভানুলাল সাহা, সিপিআইএম বিশালগড় মহকুমা সম্পাদক পার্থপ্রতিম মজুমদার, নারী সমিতির জেলা সম্পাদিকা রেহেনা বেগম প্রমুখ।

বিলোনিয়ার শান্তিরবাজার ও সাব্রুম মহকুমাতেও আজ কুমারী, মধুতি, রুপশ্রী প্রয়াণ দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে বিলোনিয়া শহরে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক দীপংকর সেন, রাজনগরে প্রাক্তন বিধায়ক সুধন দাস, শান্তিরবাজারে গনতান্ত্রিক নারী সমিতির নেত্রী সুপ্রিয়া মল্লিক ও সাব্রুমে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী ও নারী নেত্রী রঞ্জনা বসাক প্রমুখ।

***************************

**Meeting :**

কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে আজ ঊনকোটি জেলা পশু কল্যাণ সমিতির এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বৈঠক শেষে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডাঃ রাহুল ধর পুরকায়স্থ জানান, ঊনকোটি জেলার বিভিন্ন স্থানে প্রাণী চিকিৎসা শিবিরের আয়োজন করা হবে।

****************************

**Knockout Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উদ্বোধনী দিনে তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে ওল্ড প্লে সেন্টার ৭ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে, নরসিংগড়ের টি আই টি মাঠে ব্লাডমাউথ ক্লাব ৯ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং পিটিএ মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৮০ রানে শতদল সংঘকে পরাজিত করে। মোট ১৪টি ক্লাব দল এই আসরে অংশ নিয়েছে। আগামী ১০ এপ্রিল আসরের ফাইনাল খেলটি হবে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************